

الرَّؤُوف

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮৩ তম নাম 'الرَّؤُوف' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الرَّؤُوف' শব্দের মূল ر - ا - ف, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৩ বার এসেছে। করুণা, সহানুভূতি, অপরের দুঃখে দুঃখবোধ, দরদ, দয়া, মায়া, কৃপা, অনুকম্পা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الرَّؤُوف অর্থ: 'তিনি আতিশয় সদয়'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَّءُوفٌ رَّحِيمٌ ﴿١٤٣﴾

নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি স্নেহ পরায়ন, পরম দয়ালু। (সূরা আল বাকারা: আয়াত নং ১৪৩)

وَمِنَ النَّاسِ مَن يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ ﴿٢٠٧﴾

মানুষের মধ্যে এমন মানুষও আছে, যারা আল্লাহর সন্তুষ্টি কামনায় নিজের জান-প্রাণ বিক্রয় (সমর্পণ) করে দেয়। আল্লাহ তাঁর এই (ধরনের) দাসদের প্রতি আতিশয় কোমল, দয়াবান। (সূরা আল বাকারা: আয়াত নং ২০৭)

وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ وَأَنَّ اللَّهَ رَءُوفٌ رَّحِيمٌ ﴿٢٠﴾

(তোমরা রক্ষা পেতে না) যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও রহমত না হতো এবং আল্লাহ যদি কোমল, দয়াবান না হতেন। (সূরা আন নূর: আয়াত নং ২০)

বুখারী ও মুসলিম শরীফের হাদীস:

তোমরা প্রত্যেকেই একজন মেসপালক, তার পালের জন্য দায়ী। নেতা একজন অভিভাবক, তার জনগণের জন্য দায়ী। একজন সাধারণ পুরুষ লোক তার পরিবারের অভিভাবক এবং তার পরিবারের জন্য দায়ী। একজন স্ত্রীলোক তার সন্তান-সন্ততির জন্য দায়ী। দাস-চাকর তার মনিবের সম্পদ দেখাশুনার জন্য দায়ী।

সুতারাং প্রিয় ভাই ও বোনেরা আসুন, যিনি আল্লাহ, আমাদের প্রতি অতিশয় সদয়, স্নেহপরায়ন, অতিশয় কোমল তাঁর নির্দেশ মোতাবেক দুনিয়ায় সৎভাবে জীবন যাপন করি এবং আমাদের অধীনস্থদের সে ভাবে পরিচালিত করি। আল্লাহ আমাদের শিরকমুক্ত ভাবে দুনিয়ায় চলার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।